বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা

জনশুমারিতে তথ্য দিন,
পরিকল্পিত উন্নয়নে অংশ
নিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি শাখা-১
www.sid.gov.bd

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.৪৩

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৯
২০ মে ২০২২

বিষয়: **'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ' কর্তৃক পরিচালিত 'আইডিয়া' প্রকল্প পরিদর্শন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কর্মসম্পাদক সূচক ২.২.৫ অনুযায়ী "উদ্ভাবক ও ইনোভেশনের সাথে সংশ্লিষ্টদেরকে দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রাম" এ প্রেরণের বিষয় উল্লেখ রয়েছে।

০২। উদ্ভাবন সহায়ক ইকোসিস্টেম ও উদ্যোক্তা সংস্কৃতি তৈরি এবং তরুণ উদ্ভাবকদের সক্ষমতা বৃদ্ধিতে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ' কর্তৃক পরিচালিত 'আইডিয়া' প্রকল্প কাজ করে যাচ্ছে। প্রান্তিক পর্যায়ের তরুণদের মাঝে ব্যাপকভাবে উদ্ভাবনী ধারণাকে ছড়িয়ে দিয়ে স্টার্টআপ ইকো-সিস্টেমকে বিকশিত করার মাধ্যমে দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তুলতে 'আইডিয়া' প্রকল্প উল্লেখযোগ্য অবদান রাখছে বলে প্রতীয়মান হয়। এ সকল স্টার্টআপই ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনীতিতে অবদান রাখার মাধ্যমে ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বিনির্মাণে সরকারের লক্ষ্যপূরণের অন্যতম হাতিয়ার হবে বলে আমাদের বিশ্বাস।

০৩। এমতাবস্থায়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে আপনার 'আইডিয়া' প্রকল্পে নলেজ শেয়ারিং প্রোগ্রাম/শিক্ষা সফরের উদ্দেশ্যে ২৫/০৫/২০২২ তারিখ অথবা এর কাছাকাছি সময়ে ভিজিটের অনুমতি প্রদান ও এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আইডিয়া প্রকল্প হতে এই পর্যন্ত যেসকল উদীয়মান স্টার্টআপদেরকে অর্থায়ন করা হয়েছে তাঁদের মধ্য থেকে গুরুত্বপূর্ণ ১০ (দশ) জনের উপস্থিতিতে এ সেশনটি আয়োজন করা যেতে পারে।

ক্রম:	নাম	পদবী	অফিস
০১.	জনাব শেখ মোঃ কাবেদুল ইসলাম	অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার	এসআইডি
০২.	মোসা: সুলতানা পারভীন	উপসচিব	এসআইডি
০৩.	মিজ নূর জাহান	উপসচিব	এসআইডি
০৪	জনাব মো: খন্দকার মাহবুবুর রহমান	সিনিয়র সহকারী সচিব	এসআইডি
০৫	জনাব এ এফ এম ফিরোজ মাহমুদ	সিনিয়র সহকারী সচিব	এসআইডি
০৬	জনাব মু: ওয়াহিদ মুরাদ	প্রোগ্রামার	এসআইডি

০৪। উক্ত প্রোগ্রামের বিভিন্ন কর্মকান্ডে সহায়তা করার জন্য সহায়ক কর্মী হিসেবে এ বিভাগের জনাব নুরউদ্দিন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এবং জনাব মোঃ মোরাদ হোসেন, অফিস সহায়ক দায়িত্ব পালন করবেন।

০৫। নলেজ শেয়ারিং প্রোগ্রাম/শিক্ষা সফর শেষে পরিদর্শন টিম উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট একটি প্রতিবেদন পেশ করবেন। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২০-৫-২০২২
মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার ও সদস্য সচিব (ইনোভেশন টিম)
ফোন: ৫৫০০৭০৯০
ফ্যাক্স: +৮৮-০২-৫৫০০৭৩৭৪
ইমেইল: murad@sid.gov.bd

জনাব মোঃ আলতাফ হোসেন, প্রকল্প পরিচালক
(যুগ্মসচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.৪৩/১(১০)

তারিখ: ৬ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২০ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) উপসচিব , উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৬) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৭) সিনিয়র সহকারী সচিব, অডিট ও সমন্বয় শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৮) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-৩ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১০) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২০-৫-২০২২
মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার (আইসিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
আইসিটি শাখা
www.sid.gov.bd

নং- ৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১.৪৫ তারিখ: ৩০/০৫/২০২২ খ্রি:

বিষয়: 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ' কর্তৃক পরিচালিত 'আইডিয়া' প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২-এর কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী এ বিভাগের ইনোভেশনের সাথে সংশ্লিষ্ট ৬ (ছয়) জন কর্মকর্তা 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ' কর্তৃক পরিচালিত 'আইডিয়া' প্রকল্প পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে আইডিয়া প্রকল্প হতে এপর্যন্ত যেসকল উদীয়মান স্টার্টআপদের অর্থায়ন করা হয়েছে তাদের মধ্য থেকে গুরুত্বপূর্ণ ১০ (দশ) জনের উপস্থিতিতে একটি নলেজ শেয়ারিং সেশন আয়োজন করা হয়। উক্ত সেশনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সম্মানিত সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম, পিএএ প্রধান অতিথি হিসেবে এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব ও চিফ ইনোভেশন অফিসার শেখ মোঃ কাবেদুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে সভাপতিত্ব করেন আইডিয়া প্রকল্পের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ আলতাফ হোসেন। এসময় 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ ছাড়াও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। উদ্ভাবন সহায়ক ইকোসিস্টেম ও উদ্যোক্তা সংস্কৃতি তৈরি এবং তরুণ উদ্ভাবকদের সক্ষমতা বৃদ্ধিতে 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ' কর্তৃক পরিচালিত 'আইডিয়া' প্রকল্প কাজ করে যাচ্ছে। প্রান্তিক পর্যায়ের তরুণদের মাঝে উদ্ভাবনী ধারণাকে ব্যাপকভাবে ছড়িয়ে দিয়ে স্টার্টআপ ইকো-সিস্টেমকে বিকশিত করার মাধ্যমে দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তুলতে 'আইডিয়া' প্রকল্প উল্লেখযোগ্য অবদান রাখছে বলে প্রতীয়মান হয়। পরবর্তীকালে এ সকল স্টার্টআপই ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনীতিতে অবদান রাখার মাধ্যমে ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বিনির্মাণে সরকারের লক্ষ্যপূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

৩। এসময় প্রকল্প পরিচালক জানান, আইডিয়া প্রকল্পের অন্যতম কার্যক্রম হচ্ছে স্টার্টআপকে আর্থিক অনুদান প্রদানের মাধ্যমে তাদের সক্ষমতা বৃদ্ধি করা এবং জুন, ২০২৩ সালের মধ্যে কমপক্ষে ৪০০ জন স্টার্টআপকে ১০ (দশ) লক্ষ টাকা করে অনুদান প্রদান করা। জানা যায়, ইতোমধ্যে ২৬২টি স্টার্টআপকে ১০ (দশ) লক্ষ টাকা করে অনুদান প্রদান করা হয়েছে এবং এ কার্যক্রমের সুফল স্থানীয়পর্যায়ে পৌঁছে দিতে ১৫০টি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়েছে। এখন পর্যন্ত 'আইডিয়া' প্রকল্প ৬০৭০ স্টার্টআপ এর কাছ থেকে আবেদন পেয়েছে যার মধ্যে প্রি-সিড স্টেজের ৮৪১টি, সিড স্টেজের ৩১৪টি এবং গ্রোথ স্টেজের ১৮১টি। এছাড়া স্টুডেন্ট-টু-স্টার্টআপ উদ্যোগের মাধ্যমে ৪৭৩৪টি আবেদন পাওয়া গিয়েছে যেগুলোর মধ্য থেকে বাছাই করে ৪১৮টি স্টার্টআপকে 'আইডিয়া' প্রকল্পের 'সিলেকশন কমিটি'র নিকট উপস্থাপন করা হয়েছে। সিলেকশন কমিটির সুপারিশের ভিত্তিতে ২৬২টি স্টার্টআপ ফান্ড পেয়েছে যেখানে সফলতার হার ৬২.৬৭%। এ পর্যন্ত স্টার্টআপরা 'আইডিয়া' প্রকল্প হতে মোট ৯ কোটি ৪৫ লক্ষ টাকা অনুদান হিসেবে পেয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। তিনি স্টার্টআপদের অন্যান্য যে সকল সহায়তা প্রদান করা হয়েছে তার একটি তালিকাও উপস্থাপন করেন:

(ক) স্টার্টআপদের জন্য ৩৬৮টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে;
(খ) স্টার্টআপ ও স্টার্টআপ হতে চায় এরকম মোট ৯৩২৪ জনকে স্টার্টআপ সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
(গ) মোট ৬১৪জন স্টার্টআপকে নিবিড় মেন্টরিং প্রদান করা হয়েছে;
(ঘ) মোট ৬৪টি স্টার্টআপের ১৪৬জনকে প্রকল্প অফিসে কো-ওয়ার্কিং স্পেস প্রদান করা হয়েছে;
(ঙ) ১৫০টিরও অধিক বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানে 'স্টার্টআপ অ্যাক্টিভেশন ক্যাম্পেইন'-এর আয়োজন করা হয়েছে যার মাধ্যমে ২০০০ জনেরও অধিক শিক্ষার্থী স্টার্টআপ হওয়ার আগ্রহ ব্যক্ত করেছে এবং স্টার্টআপ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে;

(চ) স্টার্টআপ হতে আগ্রহীদেরকে স্টার্টআপ হিসেবে গড়ে তোলার জন্য ১৪০টিরও বেশি নিবিড় ওয়ান-টু-ওয়ান গ্রুমিং সেশনের আয়োজন করা হয়েছে;

(ছ) বাংলাদেশি স্টার্টআপদের মাধ্যমে বাংলাদেশের জাতীয় জনগুরুত্বপূর্ণ ১০টি চ্যালেঞ্জ/সমস্যার সমাধানে বাংলাদেশ-ভারত যৌথভাবে 'ন্যাশনাল হ্যাকাথন অন ফ্রন্টিয়ার টেকনোলজি' আয়োজন করেছে। এতে ৩৭৬৪টি আবেদন পাওয়া গেছে এবং প্রাথমিক বাছাইয়ে ৩০০টি স্টার্টআপ নির্বাচিত হয়েছে। শীর্ষ ৬০জনকে নিয়ে বুট-ক্যাম্প আয়োজন করা হয়েছে। চূড়ান্তভাবে ১০টি টিম নির্বাচিত হয়েছে যারা বর্তমানে বাংলাদেশের জাতীয় জনগুরুত্বপূর্ণ ১০টি চ্যালেঞ্জ/সমস্যার সমাধানে কাজ করছে;

(জ) বাংলাদেশি শীর্ষ ৫টি স্টার্টআপকে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ ও ইনকিউবেশন প্রদানের জন্য বাংলাদেশ-দক্ষিণ কোরিয়া যৌথভাবে 'আইডিয়াথন' আয়োজন করেছে। এতে ৩২৮৪টি আবেদন পাওয়া গেছে যার মধ্যে প্রাথমিক বাছাইয়ে ২০০টি স্টার্টআপ নির্বাচিত হয়েছে। শীর্ষ ৩০জনকে নিয়ে বুট-ক্যাম্প আয়োজন করা হয়েছে। চূড়ান্তভাবে ৫টি টিম নির্বাচিত হয়েছে যারা কোরিয়ান প্রোডাক্টিভিটি সেন্টার ও কোরিয়ান ইনভেনশন প্রমোশন এসোসিয়েশন-এর তত্ত্বাবধানে ৬ মাসের প্রশিক্ষণ ও ইনকিউবেশন গ্রহণ করেছে মর্মে জানানো হয়েছে।

৪। উদীয়মান স্টার্টআপদের মধ্য থেকে নিম্নবর্ণিত ১০ (দশ)টি গুরুত্বপূর্ণ টিম উক্ত সেশনে তাদের কার্যক্রম সম্পর্কে উপস্থাপনা প্রদান করেন:

(ক) Dhaka Cast (www.dhakacast.com)	(চ) OXYJET
(খ) Farbot Robotics	(ছ) Human Cult (www.humancult.studio)
(গ) Home Academy BD	(জ) Tibot - a trained eye
(ঘ) JAM	(ঝ) Trabill
(ঙ) MedEasy	(ঞ) বৈঠক

প্রত্যেকটি টিমের কার্যক্রম উপস্থাপনের পরে প্রশ্নোত্তরপর্বে অংশগ্রহণ শেষে একটি নতুন বিষয়ে নলেজ শেয়ারিং-এর সুযোগদানের জন্য এবং এ ধরনের একটি প্রোগ্রাম আয়োজনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিবের পক্ষ থেকে অতিরিক্ত সচিব শেখ মোঃ কাবেদুল ইসলাম আইসিটি ডিভিশনের সিনিয়র সচিব ও প্রকল্প পরিচালক-কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

৫। **পরিদর্শন শিক্ষা:** ইনোভেশন প্রক্রিয়ায় অনেক কঠিন কাজকে স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে ও সহজ পদ্ধতিতে সমাধান করা সম্ভব। এ বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে ভবিষ্যতে এ ধরনের আইডিয়া কাজে লাগানো সম্ভব হবে।

০৮/০৫/২০২২

শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব
ও
চিফ ইনোভেশন অফিসার

সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১) যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২) সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও সংস্কার), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৪) অফিস কপি।

০৯/০৫/২২

মুঃ ওয়াহিদ মুরাদ
প্রোগ্রামার ও সদস্য সচিব (ইনোভেশন টিম)




hop on
on Learning
rd
ion
AA
e-1)
l Isla
nform
nt Secretar
oject Offi

